

আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা-২০১৯ এর ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



৬ মার্চ, ২০১৯-বুধবার বেলা ১২ ঘটিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'ভলিবল/বাস্কেটবল/হ্যান্ডবল' ক্রীড়া উপ-কমিটির আয়োজনে 'আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা-২০১৯' এর ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান কলা ভবন সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

'ভলিবল/বাস্কেটবল/হ্যান্ডবল' ক্রীড়া উপ-কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২৪ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধুপখোলা মাঠ) শুরু হওয়া প্রতিযোগিতা আজ সমাপ্ত হয়। এতে ছাত্রদের ২৭টি বিভাগ এবং ছাত্রীদের ১৩টি বিভাগ অংশগ্রহণ করে এবং এবারই প্রথমবারের মতো ছাত্রীদের আন্তঃভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ছাত্রদের মধ্যে উদ্ভিদবিজ্ঞান বিভাগ চ্যাম্পিয়ন ও লোক প্রশাসন বিভাগ রানার্স আপ এবং ছাত্রীদের মধ্যে দর্শন বিভাগ চ্যাম্পিয়ন ও উদ্ভিদবিজ্ঞান



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বিভাগ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। ছাত্রদের মধ্যে উদ্ভিদবিজ্ঞান বিভাগের ১০ম ব্যাচের ছাত্র হৃদয় কুমার এবং ছাত্রীদের মধ্যে দর্শন বিভাগের ১১তম ব্যাচের সাবরিনা সুলতানা সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ক্রীড়া প্রতিযোগিতায় সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ।